# ১৯তম কার্যনির্বাহী সভার কার্যবিবরণী

তারিখ: ১০-০৪-২০২৬ ইং, রোজ শুক্রবার
সময়: সন্ধ্যা ০৭:১৫ মিনিট
স্থান: ”ড্রীম-২০„ রেস্তোরা, কাঠেরপুল, গেন্ডারিয়া

---

## সভাপতিত্ব:

সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ।

## সভার সূচনা:

- সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান।
- তিনি সভার কার্যক্রম পরিচালনার জন্য মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠুকে অনুরোধ করেন।
- মহাসচিব জনাব আসলাম পারভেজ মিঠু সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে পবিত্র কুরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন।
- পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন কোষাধ্যক্ষ জনাব মুফতি ইসহাক।
- এরপর মহাসচিব আজকের আলোচ্যসূচি উপস্থিত সকলকে পড়ে শোনান।
- মহাসচিব আলোচ্যসূচির বিষয়ে নিজ নিজ পরিচয় দিয়ে সবার মতামত তুলে ধরতে বলেন।
- সদস্যদের অনুপস্থিতির জন্য দুঃখ প্রকাশ করেন।

---

## সভায় উপস্থিত ছিলেন:

১. কাজী মোহাম্মদ রহমতউল্লাহ ‘ সভাপতি
২. মোঃ মাসুদ রেজা ‘ সিনিয়র সহ সভাপতি
৩. মোহাম্মদ মুসা ‘ সহ সভাপতি
৪. মোহাম্মদ জাফর ‘ সহ সভাপতি
৫. তানভীর মোরশেদ চৌধুরী ‘ সহ সভাপতি
৬. আসলাম পারভেজ মিঠু ‘ মহাসচিব
৭. মাহবুব রাশেদ রুবেল ‘ যুগ্ম মহাসচিব
৮. মুফতি মোঃ ইসহাক ‘ কোষাধ্যক্ষ
৯. মোঃ এমদাদ-উল-হক ‘ সাংগঠনিক সচিব
১০. সোহেল সিকদার জুম্মন ‘ দপ্তর ও পাঠাগার সচিব
১১. মোঃ জুলহাস সারোয়ার ‘ সহ দপ্তর ও পাঠাগার সচিব
১২. মোঃ সাজ্জাদ কবীর ‘ সহ সাহিত্য ও প্রকাশনা সচিব
১৩. মিজানুর রহমান খাঁন (আপেল) ‘ প্রচার ও জনসংযোগ সচিব
১৪. মোঃ তারিক সিরাজ ‘ সাংস্কৃতিক সচিব
১৫. মোঃ সাইদুল হক ‘ নির্বাহী সদস্য
১৬. সৈয়দ মাহমুদ ‘ নির্বাহী সদস্য

১৭. মোঃ নুরুজ্জামান ‘ নির্বাহী সদস্য
১৮. মোহাম্মদ এহতেশাম হাকিম ‘ নির্বাহী সদস্য
১৯. রাশেদ খান ‘ নির্বাহী সদস্য

অসুস্থতা, পারিবারিক ও ব্যবসায়িক কাজের কারণে যারা উপস্থিত থাকতে পারে নাই তারা আমাদেরকে অবগত করেছেন এবং সভায় যে সকল সিদ্ধান্ত গ্রহন করা হবে তার সাথে সহমত পোষণ করবেন।

২০. এ.টি.এম কামাল হোসেন ‘ সহ-সভাপতি
২১. জাফর ইকবাল সিদ্দিকী ‘ নির্বাহী সদস্য
২২. শাহাদত হোসেন ‘ ক্রীড়া সচিব
২৩. মোঃ শামসুজ্জামান ‘ সহ-সমাজকল্যাণ সচিব
২৪. মোঃ মনির হোসেন ‘ সহ-কোষাধ্যক্ষ
২৫. মোঃ মুহিদ হোসেন ‘ নির্বাহী সদস্য
২৬. মিফতাহুর রহমান ‘ নির্বাহী সদস্য

---

## সভার আলোচ্যসূচী:

১. ঈদ পুনর্মিলনী ও শুভেচ্ছা বিনিময়।
২. নৌবিহার ও আজীবন সদস্যদের সম্মাননার হিসাব হস্তান্তর।
৩. পহেলা বৈশাখ উদযাপন উপলক্ষে কার্যক্রম নির্ধারণ।
৪. সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সংগঠনের নিবন্ধন প্রক্রিয়া বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
৫. বিবিধ।

---

## সভার আলোচনা:

### ১. জনাব মোহাম্মদ মুসা ‘ সহসভাপতি

- সবাইকে ঈদুল ফিতরের শুভেচ্ছা জানান।
- সবার ঈদ ভালো কেটেছে বলে আশা প্রকাশ করেন।
- ব্যক্তিগতভাবে সবার জন্য দোয়া কামনা করেন।
- সবাই যেন ঋণমুক্ত থাকতে পারি‘এই কামনা ব্যক্ত করেন।
- অনেক ব্যস্ততার পরও আজকের সভায় উপস্থিত হতে পেরে ভালো লাগছে বলে জানান।
- সাংগঠনিকভাবে আমাদের আরও অনেক কিছু করার আছে, কিন্তু সীমাবদ্ধতার কারণে তা করা যাচ্ছে না‘এ কথা বলেন।
- এখানে আর্থিক প্রাপ্তি না থাকলেও ভালোবাসা ও মমতার কারণে সবাই ছুটে আসে‘এ কথা উল্লেখ করেন।
- নিঃস্বার্থ কাজের উদাহরণ হিসেবে জানান, তিনি প্রতি সোমবার ৩২ জন এতিমকে আল্লাহর রহমতে খাওয়ার ব্যবস্থা করে থাকেন।
- সদিচ্ছা থাকলে অনেক বড় কাজও সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব‘এই মত প্রকাশ করেন।
- সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে সাংগঠনিক পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করেন।

- নৌবিহারের হিসাব পর্যালোচনা করেন।
- নৌবিহার কমিটির সবাইকে ধন্যবাদ জানান।
- হিসাব সম্পূর্ণ ঠিক আছে বলে মত প্রকাশ করেন।
- তবে হিসাব ভাউচারসহ জমা দেওয়াই নিয়ম'এ কথা স্মরণ করিয়ে দেন।
- সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সংগঠনের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে সহমত পোষণ করেন।

**২. জনাব মোঃ মাসুদ রেজা ' সিনিয়র সহ-সভাপতি**

- সবাইকে ঈদের শুভেচ্ছা জানান।
- সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে কেন এখনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না'সে বিষয়ে প্রশ্ন তোলেন।
- অনুপস্থিত সদস্যদের বিষয়ে সাংগঠনিকভাবে ব্যবস্থা নেওয়ার প্রয়োজনীয়তার কথা বলেন।

**৩. জনাব রাশেদ রুবেল ' যুগ্ম-মহাসচিব**

- অতীতের বিষয়গুলো বাদ দিয়ে ভবিষ্যতের দিকে মনোযোগ দেওয়ার আহ্বান জানান।
- আগামী দিনগুলোতে সংগঠনকে কিভাবে সুন্দরভাবে এগিয়ে নেওয়া যায়'সে বিষয়ে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন।
- সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সংগঠনের নিবন্ধন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য তাগিদ দেন এবং প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।„
- আগামী নির্বাচন নিকটবর্তী হওয়ায় নির্বাচনী রোড-ম্যাপ তৈরি করে সে অনুযায়ী কাজ শুরু করার আহ্বান জানান।

**৪. জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ' সভাপতি**

- নৌবিহার কমিটির চেয়ারম্যানকে আগামী দুই-এক দিনের মধ্যে কোষাধ্যক্ষের নিকট সব ভাউচার জমা দেওয়ার নির্দেশ দেন।
- আজীবন সদস্যদের সম্মাননার খরচের হিসাবের সারাংশ সভায় পড়ে শোনান।
- ভাউচারসহ কোষাধ্যক্ষের নিকট হিসাব হস্তান্তর করেন।

**৫. জনাব এমদাদ উল-হক ' সাংগঠনিক সম্পাদক**

- বলেন, যেকোনো সংগঠনের কিছু সদস্য আন্তরিক ও দায়িত্বশীল হলে সংগঠন পরিচালনা সহজ হয়।
- সদস্যদের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরও উন্নত করার পরামর্শ দেন।
- সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সংগঠনের রেজিস্ট্রেশন প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য তাগিদ দেন।

**৬. জনাব সোহেল সিকদার জুম্মান ' দপ্তর ও পাঠাগার সচিব**

- সাংস্কৃতিক সচিব জনাব তারিক সিরাজের নির্দেশে নৌবিহারের হিসাবের সারাংশ সভায় উপস্থাপন করেন।
- নৌবিহারের আয়-ব্যয়ের হিসাব সভাপতির নিকট হস্তান্তর করেন।
- তিনি প্রতিশ্রুতি দেন, সভাপতির নির্দেশ মোতাবেক অচিরেই অফিসিয়াল ফেসবুক পেজ সচল করার বিষয়টি বাস্তবায়ন করবেন।
- সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সংগঠনের নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে সহমত পোষণ করেন।

**৭. জনাব আসলাম পারভেজ মিঠু ' মহাসচিব**

- সবাইকে ঈদুল ফিতরের শুভেচ্ছা জানান।
- হিসাব হস্তান্তরের জন্য দুই কমিটিকে ধন্যবাদ জানান।
- বলেন, সংগঠনের রেজিস্ট্রেশনের জন্য সমাজসেবা অধিদপ্তরে যোগাযোগ করা হয়েছে।
- এ বিষয়ে করণীয় সম্পর্কে প্রয়োজনীয় তথ্য জেনে আসা হয়েছে।
- ইনশাআল্লাহ অচিরেই অ্যালামনাই এসোসিয়েশনের রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু করা হবে।
- এ ব্যাপারে সবার সহযোগিতা কামনা করেন।
- অফিসিয়াল ফেসবুক পেজ সচল করার জন্য দপ্তর ও পাঠাগার সচিব জনাব সোহেল সিকদার জুম্মানকে বিশেষভাবে দায়িত্ব দেন।
- বলেন, তিনি এ বিষয়ে যথেষ্ট বিচক্ষণ ও পারদর্শী।

---

## সভাপতির সিদ্ধান্তঃ

১. প্রিভিলেজ কার্ড বিতরণ কার্যক্রমের আগামী জুলাই অথবা আগস্ট মাসের মধ্যে উদ্বোধন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২. সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে সাংগঠনিক নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. অ্যালামনাই এসোসিয়েশনের রেজিস্ট্রেশন সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে কার্যক্রম দ্রুত শুরু ও সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. আগামী নির্বাচনকে সামনে রেখে একটি সুস্পষ্ট নির্বাচনী রোড-ম্যাপ প্রণয়ন ও বাস্তবায়নের বিষয়ে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. নৌবিহারের আয়-ব্যয়ের সকল ভাউচার আগামী দুই-এক দিনের মধ্যে কোষাধ্যক্ষের নিকট জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. ভবিষ্যতে সংগঠনের সকল আয়-ব্যয়ের হিসাব যথাযথ ভাউচারসহ জমা দেওয়ার বিষয়ে বাধ্যতামূলক নির্দেশনা প্রদান করা হয়।

৭. আজীবন সদস্যদের সম্মাননা সংক্রান্ত হিসাব যথাযথভাবে সংরক্ষণ ও কোষাধ্যক্ষের নিকট হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হয়।

৮. অফিসিয়াল ফেসবুক পেজ দ্রুত সচল ও নিয়মিত পরিচালনার দায়িত্ব দপ্তর ও পাঠাগার সচিব জনাব সোহেল সিকদার জুম্মানকে প্রদান করা হয়।

৯. সকলে সম্মতিক্রমে আগামী জুন মাসে অ্যালামনাই এসোসিয়েশনের ৫ম সাধারণ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**সভা সমাপ্তিঃ**

সভাপতির ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে **১৯তম** কার্যনির্বাহী সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব
অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল